দৈনিক বাংলা

তারিখ ... ১৪/৭/৮২
পৃষ্ঠা ... ৪ কলাম ১ ...

118



# কুমিল্লা বোর্ডে প্রথম সাইফুল স্থপতি হতে চায়

(নিজস্ব প্রতিনিধি)

চট্টগ্রাম, ১২ই জুলাই।— ফৌজদারহাট ক্যাডেট কলেজের ছাত্র সাইফুল হায়দর চৌধুরী কুমিল্লা মাধ্যমিক বোর্ডের এসএসসি পরীক্ষায় এবার কম্বাইন্ড গ্রুপে ৮০৫ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে।

সে কলা বিভাগের ছাত্র। মোট ৬টি বিষয়ে লেটার পেয়েছে, তার বয়স ষোল বছর। পিতা জনাব লুৎফুল হায়দর চৌধুরী সার্কেল অফিসার (রাজস্ব), সদর, চট্টগ্রাম। মা আনোয়ারা হায়দর। তার বাড়ি নোয়াখালীর ফুলগাজী থানার পশ্চিম রসিকপুর গ্রামে। ২ ভাই ৪ বোনের মধ্যে সে সকলের ছোট।

অতীতে সে প্রাইমারী বৃত্তি পেয়েছে এবং ক্লাসে সব সময়েই প্রথম ছিল।

তার বাসায় গিয়ে জানলাম সাইফুল হায়দর চৌধুরী একজন স্থপতি হতে চায়।